# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

৩০ মে'২০২৪খ্রিঃ

### সাড়ে ৫ লাখ শিশুকে ভিটামিন 'এ' খাওয়াবে চসিক

জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনে শনিবার (১ জুন) ৭টি ইপিআই জোনের আওতাধীন ৪১টি ওয়ার্ডে ১ হাজার ৩২১ কেন্দ্রে ৫ লাখ ৪৫ হাজার শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। এর মধ্যে ৬-১১ মাসের ৮৫ হাজার শিশুকে একটি করে নীল (১ লাখ আইইউ) এবং ১২-৫৯ মাসের ৪ লাখ ৬০ হাজার শিশুকে একটি করে লাল রঙের (২ লাখ আইইউ) ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হবে। বৃহস্পতিবার (৩০ মে) চসিক জেনারেল হাসপাতাল মিলনায়তনে সংবাদ সম্মেলনের পর চিকিৎসক ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময়কালে এ তথ্য জানান চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এসময় তিনি ক্যাম্পেইন সফল করার বিষয়ে চসিকের স্বাস্থ্য বিভাগের প্রস্তুতি সম্পর্কে অবগত হয়ে দিক-নির্দেশনা দেন। সংবাদ সম্মেলনে চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রানা জানান, ক্যাম্পেইন চলাকালে মা ও শিশুর পুষ্টি নিশ্চিতে গর্ভবতী ও প্রসূতি মাকে বেশি পরিমাণ ভিটামিন-এ সমৃদ্ধ প্রাণিজ খাবার (মাছ, মাংস, ডিম, দুধ, কলিজা) ও হলুদ ফলমূল ও রঙিন শাক এবং জন্মের পর এক ঘণ্টার মধ্যে নবজাতককে শাল দুধ ও ছয় মাস পর্যন্ত শুধু মায়ের দুধ খাওয়ানোর বার্তা প্রচার করা হবে। তিনি বলেন, ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন শিশুর রাতকানা রোগ প্রতিরোধ এবং শিশুকে অপুষ্টি ও মৃত্যুর হাত থেকে বাঁচাবে। গত ১২ ডিসেম্বর জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে চসিক ৬-১১ মাসের ৭৯ হাজার ৮৯৫ শিশুকে নীল ও ১২-৫৯ মাসের ৪ লাখ ৫৫ হাজার ১৮২ শিশুকে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছিল। আমাদের অর্জনের হার ৯৯ শতাংশ। এ সময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি জহর লাল হাজারী, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব,আবদুস সালাম মাসুম, আতাউল্লাহ চৌধুরী, সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিকের সহকারী স্বাস্থ্য কর্মকর্তা রফিকুল ইসলাম, ডা. টি চক্রবর্তী, সুমন তালুকদার, হাসান মুরাদ চৌধুরী, জুয়েল মহাজন, আকিল মাহমুদ নাফে, আবু সালেহ, হোসনে আরা, দিদারুল মুনির রুবেল, শাহনাজ আকতার প্রমুখ।

### চট্টগ্রামের উন্নয়নে অর্থায়ন করতে চায় আইএফসি

চট্টগ্রামের উন্নয়নে অর্থায়ন করতে চায় ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন (আইএফসি)। বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাতে আইএফসির প্রতিনিধি দল এ তথ্য জানায়। ৩ সদস্যের প্রতিনিধি দলে ছিলেন বিশ্ব ব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান আইএফসির প্রিন্সিপাল ইনভেস্টমেন্ট অফিসার মাইকেল লিন শেং (গরপযধবষ খরহ ঝযবহম), কনসালটেন্ট এম এমদাদুল হক, অপারেশন্স অফিসার সায়েফ তানজিম কাইউম। এসময় মেয়র বলেন, আইএফসি চাইলে সরকারের অনুমোদনক্রমে চট্টগ্রামের আবাসন খাতের উন্নয়নে বিনিয়োগ করতে পারে। বিশেষ করে চট্টগ্রামে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় শহর দ্রুত সম্প্রসারিত হচ্ছে। এক্ষেত্রে আইএফসি বিনিয়োগ করে নতুন 'স্মার্ট শহর" গড়ে তুলতে পারে যেখানে শিক্ষা, চিকিৎসাসহ সব ধরনের নাগরিক সেবা উপস্থিত থাকবে। এছাড়া চট্টগ্রামে একটি আন্তর্জাতিক মানের কনভেনশন সেন্টার গড়ে তুলতে পারে আইএফসি। এছাড়া, গণপরিবহন, জলাবদ্ধতা ও বর্জ্য ব্যবস্থাপনা খাতেও বিনিয়োগ করতে পারে আইএফসি।" জবাবে প্রতিনিধি দলটি জানায়, আইএফসি 'পিপিপি' মডেলে বিনিয়োগে আগ্রহী। চসিকের সাথে আলোচনা সাপেক্ষে চট্টগ্রামের অবকাঠামো খাতে বিনিয়োগ করতে আগ্রহী আইএফসি। সভায় চসিকের পক্ষে উপস্থিত ছিলেন সচিব মো. আশরাফুল আমিন, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির, প্রধান প্রকৌশলী শাহিন-উল-ইসলাম।

### সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাত করেন চসিক চালক ঐক্য পরিষদের নব নির্বাচিত কমিটি'র নেতৃবৃন্দ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চালক ঐক্য পরিষদের নব নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ বুধবার সন্ধ্যায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক ও কর্মচারী লীগের (সিবিএ) নেতৃত্বে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে তাঁর বাসভবনে সৌজন্য সাক্ষাত করেন। সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারী লীগ সিবিএ'র সভাপতি ফরিদ আহমদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মুজিবুর রহমানের সঞ্চালনায় এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন-জাতীয় শ্রমিক লীগ চট্টগ্রাম মহানগর শাখার

সভাপতি বখতিয়ার উদ্দিন খান। বক্তব্য রাখেন চসিক নব নির্বাচিত চালক ঐক্য পরিষদের সভাপতি মো. সালাউদ্দিন, সাধারণ সম্পাদক এলেন মুন্সি। উপস্থিত ছিলেন-সিবিএ'র সিনিয়র সহসভাপতি জাহিদুল আলম চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক বিপ্লব কুমার চৌধুরী, সাংগঠনিক সম্পাদক আবুল মাসুদ, আইন সম্পাদক ফরিদ আহমদ, সহ সাংগঠনিক সম্পাদক খোরশেদুল আলম, সাগরিকা শাখার সভাপতি শফিকুল ইসলম, সদস্য দিলীপ দাশ, যোগেশ দাশ, চসিক চালক ঐক্য পরিষদের নব নির্বাচিত সহ সভাপতি পুলক কুমার দে, মো. ফয়েজ উল্লাহ, যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ বাবুল, সাংগঠনিক সম্পাদক মো. আমজাদ হোসেন রাজু, দপ্তর সম্পাদক, মো. সাইফুল ইসলাম, অর্থ সম্পাদক মো. আরিফ মুঈনুদ্দিন, সহ অর্থ সম্পাদক মো. শেখ সেলিম, প্রচার সম্পাদক লক্ষণ দাশ, সহ প্রচার সম্পাদক রাশেদা আক্তার, ধর্ম বিষয়ক সম্পাদক মো. শহিদুল ইসলাম। সাক্ষাতকালে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী চসিক চালক ঐক্য পরিষদের নব নির্বাচিত পরিষদের নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান। নব নির্বাচিত চালক ঐক্য পরিষদের নেতৃবৃন্দকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে মেয়র বলেন, আমি দায়িত্ব গ্রহণের পর থেকে আপনাদের ন্যায্য দাবিগুলো পুরণে কাজ করছি। ইতোমধ্যে প্রায় সাড়ে ৫শত কর্মচারীর চাকরি স্থায়ী করা হয়েছে। দৈনিক ভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধিসহ তাদের অবসরোত্তর আনুতোষিক ৫ লক্ষ টাকা নির্ধারন করেছি। মেয়র আরো জানান, পর্যায়ক্রমে আপনাদের ন্যায্য দাবীগুলো পুরন করা হবে ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮